

Sarah Foundation Bangladesh

Scholarship

মেধাবৃত্তি পরীক্ষা - ২০২৬

(শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের সম্ভাবনা বিকাশ)

SARAH
FOUNDATION
BANGLADESH

প্রাপক:

প্রধান শিক্ষক/শিক্ষিকা

..... বিদ্যালয়

বিষয়: গ্রামীণ মেধাবৃত্তি পরীক্ষা ২০২৬-এ বিদ্যালয়ের অংশগ্রহণের জন্য প্রস্তাবনা।

জনাব / জনাবা,


সশ্রদ্ধ নিবেদন এই যে, সারা ফাউন্ডেশন বাংলাদেশ শিক্ষা, সামাজিক ও জনকল্যাণমূলক কার্যক্রমের মাধ্যমে সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর পাশে কাজ করে যাচ্ছে।

এরই ধারাবাহিকতায় গ্রামীণ মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিত ও শিক্ষার সুযোগ বিস্তৃত করার লক্ষ্যে “মেধাবৃত্তি পরীক্ষা ২০২৬” আয়োজন করা হচ্ছে। এ পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মেধা যাচাইয়ের পাশাপাশি আত্মবিশ্বাস, শিক্ষার প্রতি আগ্রহ ও সুস্থ প্রতিযোগিতার মানসিকতা গড়ে তোলাই আমাদের লক্ষ্য।

এ মহৎ উদ্যোগে আপনার বিদ্যালয়কে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে পেতে আমরা আন্তরিকভাবে আগ্রহী। আপনার সহযোগিতা শিক্ষার্থীদের উৎসাহিত করার পাশাপাশি তাদের ভবিষ্যৎ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা বিশ্বাস করি।

আপনার আন্তরিক সহযোগিতা ও অংশগ্রহণের জন্য আমরা কৃতজ্ঞ থাকব।

ধন্যবাদান্তে



মেহেদী হাসান
প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান
সারা ফাউন্ডেশন বাংলাদেশ

মেহেদী হাসান
প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান
তারিখ: ০১/১০/২০২৬ ইং

মেহেদী ইরফান
সাধারণ সম্পাদক
তারিখ: ০১/১০/২০২৬ ইং

সানজিদা আইনিন
কর্মসূচি পরিচালক
তারিখ: ০১/১০/২০২৬ ইং

শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের সম্ভাবনা বিকাশ

মেধাবৃত্তি পরীক্ষা ২০২৬ প্রকল্পের উদ্দেশ্য ?

সারা ফাউন্ডেশন বাংলাদেশ গ্রামীণ মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬ গ্রামীণ ও সুবিধাবঞ্চিত এলাকার ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য আয়োজিত হবে। পরীক্ষায় শিক্ষার্থীদের পাঠ্যভিত্তিক জ্ঞান, মৌলিক দক্ষতা, যুক্তিবোধ ও সাধারণ জ্ঞান যাচাই করা হবে এবং কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারীদের মেধাবৃত্তি ও শিক্ষামূলক পুরস্কারের মাধ্যমে উৎসাহিত করা হবে।

শিক্ষার্থী নির্বাচনের পদ্ধতি

- প্রতিটি বিদ্যালয় থেকে ৪র্থ শ্রেণির ১০-১৫ জন এবং ৫ম শ্রেণির ১০-১৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে।
- বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের মেধা, আগ্রহ, পরিশ্রম ও উপযুক্ততার ভিত্তিতে শিক্ষার্থী মনোনয়ন করতে পারবেন।
- নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা নির্ধারিত সময়ের মধ্যে সারা ফাউন্ডেশন বাংলাদেশকে প্রদান করতে হবে।

পরীক্ষার কাঠামো ও বিষয়সমূহ: বাংলা - ২৫; ইংরেজি - ২৫; গণিত - ২৫; সাধারণ জ্ঞান- ২৫

পরীক্ষা পদ্ধতি: পূর্ণমান: ১০০; সময়: ২ ঘন্টা

নিবন্ধন ফি: চতুর্থ শ্রেণি: ১০০ টাকা, পঞ্চম শ্রেণি: ১৫০ টাকা

(পরীক্ষার চূড়ান্ত তারিখ, সময়, স্থান, সিলেবাস ও নম্বর বন্টন পরবর্তীতে অংশগ্রহণকারী বিদ্যালয়কে জানানো হবে।)

অংশগ্রহণকারী বিদ্যালয়ের দায়িত্ব:

শিক্ষার্থী মনোনয়ন ও তথ্য প্রদান, পরীক্ষা সম্পর্কে শিক্ষার্থী ও অভিভাবকদের অবহিতকরণ, একজন School Coordinator নির্ধারণ এবং পরীক্ষা সংক্রান্ত সার্বিক যোগাযোগ ও শিক্ষার্থীদের সময়মতো উপস্থিতি নিশ্চিতকরণে সারা ফাউন্ডেশন বাংলাদেশ - কে সহযোগিতা করা।

সারা ফাউন্ডেশন বাংলাদেশের দায়িত্ব

পরীক্ষার সিলেবাস ও প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনা ও মূল্যায়ন, ফলাফল প্রকাশ এবং কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মেধাবৃত্তি ও পুরস্কার প্রদানের দায়িত্ব পালন করবে।

মেধাবৃত্তি ও পুরস্কার:

পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের বিভিন্নভাবে পুরস্কৃত ও উৎসাহিত করা হবে।

৪র্থ শ্রেণি	৫ম শ্রেণি
১ম স্থান - মেধাবৃত্তি/পুরস্কার/ মেধা সনদ / শিক্ষামূলক সহায়তা	১ম স্থান - মেধাবৃত্তি/পুরস্কার/ মেধা সনদ / শিক্ষামূলক সহায়তা
২য় স্থান - মেধাবৃত্তি/পুরস্কার/ মেধা সনদ / শিক্ষামূলক সহায়তা	২য় স্থান - মেধাবৃত্তি/পুরস্কার/ মেধা সনদ / শিক্ষামূলক সহায়তা
৩য় স্থান - মেধাবৃত্তি/পুরস্কার/ মেধা সনদ / শিক্ষামূলক সহায়তা	৩য় স্থান - মেধাবৃত্তি/পুরস্কার/ মেধা সনদ / শিক্ষামূলক সহায়তা

শিক্ষক ও বিদ্যালয়ের স্বীকৃতি

- অংশগ্রহণকারী বিদ্যালয়ের সম্মাননা সনদ
- সমন্বয়কারী শিক্ষকের সম্মাননা সনদ

নিবন্ধন ও অংশগ্রহণ: অংশগ্রহণকারী বিদ্যালয়ের মাধ্যমে শিক্ষার্থীদের নিবন্ধন সম্পন্ন করা হবে।

- বিদ্যালয়ের নাম ও ঠিকানা
- প্রধান শিক্ষক/অধ্যক্ষের নাম
- যোগাযোগের নম্বর
- বিদ্যালয়ের নির্ধারিত সমন্বয়কারী শিক্ষকের নাম ও নম্বর
- ৪র্থ শ্রেণির ও ৫ম শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা

শিক্ষার্থী নিরাপত্তা ও অভিভাবক অবহিতকরণ:

যেহেতু এই কার্যক্রমে অপ্রাপ্তবয়স্ক শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে, তাই শিক্ষার্থীদের নিরাপত্তা ও যথাযথ তত্ত্বাবধানকে গুরুত্ব দেওয়া হবে। বিদ্যালয়ের মাধ্যমে শিক্ষার্থীদের অভিভাবক/ অভিভাবিকাকে পরীক্ষার বিষয়ে অবহিত করার অনুরোধ থাকবে।

বিদ্যালয়ের অংশগ্রহণের সম্মতিপত্র

আমরা বিদ্যালয়

কর্তৃপক্ষ সারা ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক আয়োজিত “গ্রামীণ মেধাবৃত্তি পরীক্ষা ২০২৬”-এ আমাদের বিদ্যালয়ের ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণে সম্মতি প্রদান করছি।

প্রধান শিক্ষক/শিক্ষিকার নাম:।

স্বাক্ষর:

তারিখ:

বিদ্যালয়ের সিল: